

উলিপুরে কৃষ্ণমঙ্গল কলেজের অধ্যক্ষের অপসারণ দাবি

আঞ্চলিক
প্রতিনিধি,
কুড়িগ্রাম

২৭ আগস্ট,
২০২৪ ২৩:৪৫

শেয়ার

অ +

অ -



কুড়িগ্রামের উলিপুরে কৃষ্ণমঙ্গল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মাহমুদুল হাসান সরকারকে অপসারণের দাবিতে মানববন্ধন। ছবি: কালের কণ্ঠ

কুড়িগ্রামের উলিপুরে কৃষ্ণমঙ্গল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মাহমুদুল হাসান সরকারের নানা দুর্নীতি, অনিয়মের প্রতিবাদ ও অপসারণের দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২৭ আগস্ট) দুপুরে উপজেলা চত্বরে প্রতিষ্ঠানের সাধারণ শিক্ষার্থীদের আয়োজনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

এতে বক্তব্য রাখেন, বিপ্লব আনছারী, সেকেন্দার আলী, মিজানুর রহমান, হাবিবা খাতুন প্রমুখ।

মানববন্ধন শেষে ইউএনও বরাবর স্মারকলিপি প্রদান করেন প্রাক্তন ও বর্তমান ছাত্র-ছাত্রী এবং এলাকাসীমার পক্ষে বিপ্লব আনছারী।

এর আগে গত সোমবার রাতে ওই প্রতিষ্ঠানের বর্তমান-প্রাক্তন শিক্ষার্থী ও এলাকার সর্বস্তরের জনগণের আহ্বানে কৃষ্ণমঙ্গল স্কুল অ্যান্ড কলেজকে ধ্বংসের হাত থেকে রক্ষার্থে নাগরিক সমাবেশ ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

বিপ্লব আনছারীর সভাপতিত্বে বক্তব্য রাখেন প্রাক্তন শিক্ষার্থী আসাদুজ্জামান, শামীম হায়দার প্রমুখ।

এ সময় বক্তারা বলেন, গুনাইগাছ ইউনিয়নে গর্ব ও অহংকার কৃষ্ণমঙ্গল স্কুল অ্যান্ড কলেজটি ঐতিহ্যবাহী বিদ্যাপীঠ ছিল। ২০১৫ সালে মো. মাহমুদুল হাসান সরকার অধ্যক্ষ হিসেবে নিয়োগ প্রাপ্তির পর সীমাহীন দুর্নীতি, শিক্ষক নিয়োগে আর্থিক লেনদেন, কলেজে অনুপস্থিতি, পলায়ন থাকা ও ভুয়া নিয়োগ পত্র প্রদান এবং তার বিরুদ্ধে বিজ্ঞ আদালতে মামলা চলমান।

এসব বিষয় আমলে নিয়ে তাকে দ্রুত অপসারণ করে কলেজটিতে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার দাবি তোলা হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আতাউর রহমান বলেন, স্মারকলিপি পেয়েছি। এ বিষয়ে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।